



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সাথে প্রধান তথ্য কমিশনারের সৌজন্য সাক্ষাত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ৩০ মার্চ ২০২৩খ্রিঃ।

বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের সাথে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হয়েছেন প্রধান তথ্য কমিশনার ড. আবদুল মালেক। ৩০ মার্চ ২০২৩ তারিখ বিকাল ৩ টায় উপাচার্য মহোদয়ের কার্যালয়ে তিনি এ সৌজন্য সাক্ষাতে মিলিত হন। সৌজন্য সাক্ষাতকালে প্রধান তথ্য কমিশনার ড. আবদুল মালেককে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত “স্বাধীনতার সুবর্ণজয়ন্তী-অর্জন ও সম্ভাবনা” শীর্ষক স্মারক সংকলন উপহার দেন উপাচার্য মহোদয়। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, বিভাগীয় প্রধান, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, প্রক্টর, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। উল্লেখ্য, বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাকালীন সিভিকিট সদস্যদের মধ্যে অন্যতম ছিলেন ড. আবদুল মালেক।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস